গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

# কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

**তারিখ: ১১ এপ্রিল, ২০২০**
**২৮ শে চৈত্র, ১৪২৬**
**১৬ই শাবান, ১৪৪১**

## স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ মহোদয়ের পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় এবং পরিচালক, আইইডিসিআর, অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ব্রিফিং-এ অংশ নেন। ব্রিফিং-এ উপস্থিত ছিলেন নবগঠিত স্বেচ্ছাসেবী সংগঠন "ডক্টরস ফর কোভিড-১৯ সল্যুশন-বাংলাদেশ" এর সাধারণ সম্পাদক ডাঃ মোঃ সাইফুল্লাহ।

ব্রিফিং এ মাননীয় মন্ত্রী, জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় দেশের কোভিড-১৯ পরিস্থিতির বিস্তারিত বর্ণনা করেন এবং সকলকে ঘরে থেকে স্বাস্থ্যবিধি মেনে চলার এবং নিজের সুরক্ষা বজায় রাখার আহ্বান জানান। তিনি উদ্ভূত পরিস্থিতিতে স্বাস্থ্যসেবা প্রদানকারী সকল চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী এবং সেনাবাহিনী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সংবাদকর্মীসহ জরুরী সেবা প্রদানকারী সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ব্রিফিং-এ স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ জানান যে, স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও স্বাস্থ্য বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিগণ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মেনে প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সরকারের অন্যান্য সকল মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে নিরলসভাবে কাজ করে চলেছে। মহাপরিচালক মহোদয় যে সকল চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী কোভিড-১৯ সেবায় নিরলসভাবে কাজ করে যাচ্ছেন, তিনি তাদের ও তাদের পরিবারের সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি কোভিড-১৯ পরীক্ষার সংখ্যা বাড়াতে অচিরেই দেশের সকল কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে নমুনা সংগ্রহের কথা জানান এবং সেই সাথে সংক্রমণ যাতে ছড়িয়ে পড়তে না পারে, সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণের কথা জানান। তিনি সরকারি ও বেসরকারি হাসপাতালের সমন্বয়ে জেলা পর্যায়ে ডেডিকেটেড হাসপাতালের ব্যবস্থাসহ সকল পর্যায়ের স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি নিশ্চিতের কথা জানান।

"ডক্টরস ফর কোভিড-১৯ সল্যুশন-বাংলাদেশ" এর সাধারণ সম্পাদক ডাঃ মোঃ সাইফুল্লাহ জানান, তাঁদের সংগঠনে বর্তমানে একাধিক সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের বিভিন্ন বিষয়ের ৩০ জন এর অধিক বিশেষজ্ঞ চিকিৎসক সক্রিয় ভাবে সরাসরি সম্পৃক্ত আছেন। এই সংগঠনটি উদ্ভূত পরিস্থিতিতে কোভিড বা নন-কোভিড রোগী ভর্তির প্রক্রিয়া সহজীকরণে, নিয়মিত পর্যবেক্ষণে এবং বিশেষজ্ঞ পরামর্শ সহকারে যথার্থ হাসপাতালে রোগী প্রেরণপূর্বক ভর্তির ব্যবস্থা করতে স্বাস্থ্য অধিদপ্তরকে সহযোগিতা করবে।

**বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী**

| পরীক্ষাকৃত | | সনাক্ত | | মৃত্যু | | অদ্যাবধি সুস্থ | চিকিৎসাধীন |
|---|---|---|---|---|---|---|---|
| গত ২৪ ঘণ্টায় | ১১ এপ্রিল পর্যন্ত | গত ২৪ ঘণ্টায় | ১১ এপ্রিল পর্যন্ত | গত ২৪ ঘণ্টায় | ১১ এপ্রিল পর্যন্ত | ৩৬ | ৪১৬ |
| **৯৫৪** | **৮,৩১৩** | **৫৮** | **৪৮২** | **৩** | **৩০** | | |

## প্রতিষ্ঠানভিত্তিক নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

| প্রতিষ্ঠান | | কোভিড-১৯ পরীক্ষা | | |
|---|---|---|---|---|
| | | নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা) | পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা) | সর্বমোট |
| ঢাকায় | ১) আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি | ২৪ | ২৪ | ১৯৩ |
| | ২) বিএসএমএমইউ | ০০ | ০০ | ২৩৯ |
| | ৩) ঢাকা শিশু হাসপাতাল | ৪৫ | ৪২ | ২২৪ |
| | ৪) ঢাকা মেডিকেল কলেজ | ২৯ | ২৯ | ১২৮ |
| | ৫) আইসিডিডিআরবি | ৭৩ | ০০ | ৬১৯ |
| | ৬) আইদেশী | ৬৪ | ৬৪ | ৩১৭ |
| | ৭) আইপিএইচ | ৬৯ | ৬৯ | ৯৬১ |
| | ৮) আইইডিসিআর | ২৭৬ | ২৭৬ | ৩,১৭৫ |
| | ৯) ন্যাশনাল ইন্সিটিউট অফ ল্যাবরেটরী মেডিসিন | ৬৮ | ৬৮ | ৩৮৫ |
| ঢাকার ভিতরে মোট | | ৬৪৮ | ৫৭২ | ৬,২৪১ |
| ঢাকার বাইরে | ১) বিআইটিআইডি | ৯৪ | ৯৪ | ৫০৮ |
| | ২) কক্সবাজার মেডিকেল কলেজ | ৩৭ | ৩৭ | ১৩৭ |
| | ৩) ময়মনসিংহ মেডিকেল কলেজ | ৭৮ | ৭৮ | ৪৬১ |
| | ৪) রাজশাহী মেডিকেল কলেজ | ৩৭ | ০০ | ২৯৮ |
| | ৫) রংপুর মেডিকেল কলেজ | ৯৩ | ৯৩ | ৩৬০ |
| | ৬)সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ | ৯৭ | ৪৮ | ২০১ |
| | ৭) খুলনা মেডিকেল কলেজ | ৩২ | ৩২ | ১০৫ |
| | ৮)শের-এ-বাংলা মেডিকেল কলেজ | ২২ | ০০ | ০২ |
| ঢাকার বাইরে মোট | | ৪৯০ | ৩৮২ | ২,০৭২ |
| **সর্বমোট** | | **১,১৩৮** | **৯৫৪** | **৮,৩১৩** |

**টেস্ট কিট্স ও লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য** (১১-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

| সরঞ্জামের নাম | মোট সংগ্রহ | মোট বিতরণ | বর্তমান মজুদ |
|---|---|---|---|
| পিপিই (PPE) | ১০,৮০,৬১৬ | ৫,৯৬,৮৪৪ | ৪,৮৩,৭৭২ |
| টেস্ট কিট্স | ৯২,০০০ | ২১,০০০ | ৭১,০০০ |
| *সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রগুলোতে মজুদ থাকায় নুতন কিট্স সরবরাহের প্রয়োজন হয়নি। | | | |

**কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য**

(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| স্থান | গত ২৪ ঘন্টায় (১০ এপ্রিল সকাল ৮:০০ থেকে ১১ এপ্রিল সকাল ৮:০০ ) | | অদ্যাবধি | | বর্তমানে মোট কোয়ারেন্টাইন |
|---|---|---|---|---|---|
| | কোয়ারেন্টাইন | ছাড় | কোয়ারেন্টাইন | ছাড় | |
| হোম কোয়ারেন্টাইন | ৩,৮৪৫ | ৭২২ | ৭৫.০৮৯ | ৬০,১৫৭ | ১৪,৯৩২ |
| হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন | ৪৪৫ | ০৬ | ১,৪৮৫ | ২৫৪ | ১,২৩১ |
| সর্বমোট | ৪,২৯০ | ৭২৮ | ৭৬,৫৭৪ | ৬০,৪১১ | ১৬,১৬৩ |

- **সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তুত করা হয়েছে-৪৭০টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে-২৪,৪৯২ জনকে।**

**প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য** (সূত্রঃ আইইডিসিআর)

| গত ২৪ ঘন্টায় আইসোলেশন ( ১০ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ১১ এপ্রিল দুপুর ১২:০০) | বর্তমানে আইসোলেশনে রয়েছেন |
|---|---|
| ৩৫ | ১৭৯ |

**মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান** (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

| হটলাইন | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|
| ১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন) | ৫২,৪৬৬ | ১৫,৯৯,৪২৮ |
| ৩৩৩ | ৩৭,৩৭১ | ৩,২৮,৪৯৪ |
| আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২) | ৩,৮৫০ | ১,১৭,২৫৬ |
| মোট ফোন কলের সংখ্যা | ৯৩,৬৮৭ | ২০,৪৫,১৭৮ |

**স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (১১-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৩,৩২৫।**

**কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষনঃ** (১১-০৪-২০২০ সকাল ০৮:০০ ঘটিকা পর্যন্ত)

| চিকিৎসক | নার্স |
|---|---|
| ৩,০৮৫ | ১,০৫৪ |

**বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য** (সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|
| আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ | ০০ | ৩,২২,৫০২ |
| সমুদ্রবন্দর সমূহ | ৬৬ | ১২,৯২৭ |
| স্থলবন্দর সমূহ | ৪০ | ৩,২৬,৮৭৯ |
| ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন | ০০ | ৭,০২৯ |
| **মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা** | ১০৬ | ৬,৬৯,৩৩৭ |

**স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ**

এ পর্যন্ত **২৩**টি গাইডলাইন প্রস্তুত করা হয়েছে। এগুলো পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

**বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 81)**

| | গত ২৪ ঘন্টা | | অদ্যাবধি সর্বমোট | |
|---|---|---|---|---|
| | সনাক্ত | মৃত্যু | সনাক্ত | মৃত্যু |
| দক্ষিণ-পূর্ব এশিয়া | **১,৪০২** | **১০১** | **১২,৯৭৮** | **৫৬৯** |
| সারা বিশ্ব | **৮৫,০৫৪** | **৭,২৭৭** | **১৫,২১,২৫২** | **৯২,৭৯৮** |

১১/০৪/২০২০

**অধ্যাপক ডাঃ সানিয়া তহমিনা ঝোরা**
**অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)**
**স্বাস্থ্য অধিদপ্তর**